

সীমিত

প্রকাশের তারিখ : ০৩ নভেম্বর ২০২০

বর্ডার গার্ড বাংলাদেশ এর উদ্ভাবনী উদ্যোগ/ধারণা

১। করোনা কালীন সময়ে MS Team এর মাধ্যমে যোগাযোগ : সদর দপ্তর বিজিবি, যোগাযোগ শাখা কর্তৃক মাইক্রোসফট টিমস (Microsoft Teams) লাইসেন্সসহ ইউজার তৈরি করতঃ অতি সহজে অনলাইন মিটিং, কনফারেন্স, চ্যাটিং, ফাইল শেয়ারিং এবং অনলাইন স্টোরেজসহ অন্যান্য সুবিধা গ্রহণ করা হচ্ছে। উক্ত Microsoft Teams এর মাধ্যমে বর্তমানে (করোনা কালীন সময়ে) সদর দপ্তর বিজিবি, ঢাকা হতে বিজিবির সকল স্থাপনায় যোগাযোগ স্থাপন করা সম্ভব হচ্ছে।

(সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, যোগাযোগ শাখা, ঢাকা)

২। বিজিবি ওয়েবসাইট : বিজিবির ওয়েবসাইট আরো বর্ধিত কলেবরে তৈরি করা হয়েছে। বিভিন্ন রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন ও প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য সংযোজন করে উক্ত ওয়েবসাইটটি আরো তথ্য নির্ভর ও ব্যবহার বান্ধব করা হয়েছে। সীমান্তে ঘটে যাওয়া বিভিন্ন তথ্যাদি নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে জনগণের নিকট সফলভাবে পৌঁছানো হচ্ছে।

(সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, যোগাযোগ শাখা, ঢাকা)

সীমিত